[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

আটকৃত যুবক পাবনা জেলার লাউদাড়া থানার দ্বীপচর এলাকার শহিদুল ইসলামের ছেলে আলম হোসেন (৩৪)। তার বিরুদ্ধে বিভিন্ন থানায় একাধিক মামলা রয়েছে বলে জানাগেছে।

পুলিশ জানায়, আলমডাঙ্গা পৌর এলাকার বাবুপাড়ার লক্ষণ কর্মকারের দোকানের নিকট চোরাই মোবাইল ক্রয়-বিক্রয় হচ্ছে। এমন সংবাদের ভিত্তিতে থানার উপ-পরিদর্শক (এসআই) সঞ্জিত কুমার সাহা সঙ্গীয় ফোর্স অভিযান চালায়। এসময় ওই এলাকা থেকে আলম হোসেন নামের এক যুবককে আটক করে। তার নিকটে থাকা দুটি মোবাইলের সঠিক তথ্য দিতে ব্যর্থ হয়।

পুলিশের জিজ্ঞাসাবাদে সে চোরাই ফোন ক্রয়-বিক্রয় করেন বলে স্বীকার করেন। তার নিকটে থাকা দুটি মোবাইল জব্দ সহ ১৫ শত ৬০ টাকা উদ্ধার করে পুলিশ। যুবক আলমের বিরুদ্ধে আলমডাঙ্গা থানায় চুরি আইনে তার বিরুদ্ধে মামলা দায়ের করেছে পুলিশ। আজ সোমবার সংশ্লিষ্ট মামলায় কোর্ট পাঠাবে পুলিশ।

আলমডাঙ্গায় ১ কেজি গাঁজাসহ যুবক আটক

আলমডাঙ্গা উপজেলায় অভিযান চালিয়ে ১ কেজি গাঁজাসহ সুজন আলী (২৫) নামের এক যুবককে গ্রেপ্তার করেছে পুলিশ। আজ বুধবার বিকেল সাড়ে ৪ টায় তাকে গ্রেপ্তার করা হয়।

গ্রেপ্তারকৃত আসামী হলেন- কুষ্টিয়া জেলার মিরপুর থানার সুতাইল গ্রামের আমজেদ আলীর ছেলে সুজন আলী (২৫)।

পুলিশ জানায়, আলমডাঙ্গা পৌরসভাধীন রেলস্টেশন এলাকায় পুলিশ গোপন সংবাদের ভিত্তিতে মাদক বিরোধী অভিযান চালায়। এ সময় সন্দেহজনক ভাবে সুজন আলী নামের এক যুবককে আটক করে পুলিশ। পরে তার শরীর তল্লাশি চালিয়ে ১ কেজি গাঁজা উদ্ধার করা হয়। ওই সময় গাঁজা রাখার অপরাধে তাকে গ্রেপ্তার করা হয়। পরে তার বিরুদ্ধে আজ বুধবার রাতে মাদক দ্রব্য নিয়ন্ত্রণ আইনে আলমডাঙ্গা থানায় মামলা হয়েছে।

আগামীকাল বৃহস্পতিবার দুপুরে আদালতে মাধ্যমে জেলহাজতে পাঠানো হবে।

মুজিবনগরে গাঁজাসহ যুবক আটক

২৫০ গ্রাম গাঁজাসহ মনিরুল ইসলাম ওরফে রানা (২৪) নামের এক যুবককে আটক করেছে মুজিবনগ থানা পুলিশ। আটক মনিরুল ইসলাম মুজিবনগর উপজেলার মানিকনগর গ্রামের নুরন্নবী বাঙ্গালের ছেলে।

মুজিবনগর থানার উপপরিদর্শক (এসআই) আব্দুর রাজ্জাকের নেতৃত্বে পুলিশের একটি দল আজ রবিবার (১৭ সেপ্টেম্বর) সকাল ১০ টার দিকে মানিকনগর গ্রামে অভিযান চালিয়ে তাকে গাঁজাসহ আটক করেন।

এসআই আব্দুর রাজ্জাক বলেন, গোপন সংবাদের ভিত্তিতে মানিকনগর গ্রামে তার বাড়িতে অভিযান চালিয়ে গাঁজাসহ রানাকে আটক করা হয়েছে।

এঘটনায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মুজিবনগর থানায় একটি দিয়ে রানাকে আজ রবিবার বেলা ১১ টার দিকে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

গাংনীতে ইয়াবাসহ যুবক আটক

গাংনী উপজেলা শহরে অভিযান চালিয়ে ১৫ পিচ ইয়াবাসহ আল আমিন ইসলাম ওরফে জনি (২২) নামের এক যুবককে আটক করেছে পুলিশ।

আল আমিন হোসেন ওরফে জনি গাংনীর চৌগাছা গ্রামের ডিগ্রি কলেজপাড়া এলাকার মিনারুল ইসলামের ছেলে।

গাংনী থানার উপপরিদর্শক (এসআই) শাহিন মিয়ার নেতৃত্বে পুলিশের একটি টিম আজ বৃহস্পতিবার (১৪ সেপ্টেম্বর) সকাল সাড়ে ১০ টার সময়

গাংনী উপজেলা পরিষদের সামনে থেকে তাকে আটক করে পুলিশ।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক এই তথ্য নিশ্চিত করেছেন।

এসআই শাহিন মিয়া বলেন, গাংনী উপজেলা পরিষদের সামনে হেরোইন বিক্রির জন্য একজন মাদক ব্যবসায়ী অপেক্ষা করছেন এমন সংবাদের ভিত্তিত্বে অভিযান চালানো হয়। পুলিশের উপস্থিতি টের পেয়ে দৌড়ে পালানোর সময় জনিকে আটক করা হয়।

ইয়াবা উদ্ধারের ঘটনায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে গাংনী থানায় একটি মামলা দায়ের হয়েছে। আটক জনিকে আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

মুজিবনগরে অবৈধভাবে ভারতে যাওয়ার প্রস্ততিকালে যুবক আটক

মুজিবনগর সীমান্ত দিয়ে অবৈধভাবে বাংলাদেশ থেকে ভারতে যাওয়ার সময় রফিকুল ইসলাম (৩২) নামের এক যুবককে আটক করেছে বর্ডারগার্ড বাংলাদেশ (বিজিবি)।

আটক রফিকুল ইসলাম মুজিবনগর উপজেলার আনন্দবাস গ্রামের ফেরদৌস আলী ওরফে মেন্তার ছেলে।

আজ শনিবার (১৯ আগস্ট) সকাল ১০ টার দিকে আনন্দবাস গ্রামের গরিসূতা মাঠের আন্তর্জাতিক সীমান্ত পিলার ১০০/৬ এস এর নিকট ৫০ গজ বাংলাদেশের অভ্যন্তর থেকে তাকে ধাওয়া দিয়ে আটক করা হয়।

চুয়াডাঙ্গা ৬ বিজিবি’র ডি কোম্পানীর আনন্দবাস সীমান্ত ফাঁড়ির নায়েক মো: সাইফুজ্জামের নেতৃত্বে বিজিবির একটি টহল দল তাকে আটক করেন।

পাসপোর্ট আদেশ ১৯৭৩ এর ১১(১)(গ) ধারায় অপরাধ করায় তার বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নিতে বিজিবি বাদী হয়ে মুজিবনগর থানায় পাসপোর্ট

মেহেরপুরে অতিরিক্ত আইজিপি পরিচয়ে প্রতারণার দায়ে যুবক আটক

পুলিশের অতিরিক্ত আইজিপির পোশাক পরে ছবি ফেসবুক প্রোফাইলে দিয়ে প্রতারণার অভিযোগে মাহফুজুর রহমান জয় (২৪) নামের এক প্রতারককে আটক করেছে মুজিবগনগর থানা পুলিশ।

মাহফুজুর রহমান জয় মুজিবনগর উপজেলার মোনাখালী গ্রামের সাবেক ইউপি চেয়ারম্যান মাহবুবুর রহমান ডাবলুর ছেলে।

গতকাল রবিবার দিবাগত রাতে মোনাখালী বাজারের ঈদগাহ মাঠে অভিযান চালিয়ে মাহফুজুর রহমান জয়কে আটক করেন পুলিশ। মুজিবনগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মেহেদী রাসেল এইতথ্য নিশ্চিত করেছেন।

তিনি বলেন, মাহফুজুর রহমান জয় নিজেকে পুলিশেরউর্দ্ধতন কর্মকর্তা পরিচয় দিয়ে সাধারণ মানুষ ও প্রশাসনের সাথে দীর্ঘদিন যাবত বিভিন্নপ্রতারণা করে আসছিলেন । তিনি আরও বলেন, মাহফুজুর রহমান জয়ে’র ব্যবহৃত মোবাইল ফোন জব্দ করে তার মোবাইলের গ্যালারিতে পুলিশের ঊর্ধ্বতন কর্মকর্তার পোশাক ও র্যাংক ব্যাজ পরা বিভিন্ন ছবি পাওয়াগেছে। এছাড়া আসামীর তার ফেসবুক এ্যাপে মো: মাহফুজুর রহমান (জয়) নামে আইডি লগ-ইন করা প্রোফাইলে পুলিশের অতিরিক্ত আইজিপির পোশাক পরা ছবি পাওয়া যায়। তার ফেসবুক আইডিতে পুলিশ পরিচয়ে বিভিন্ন পোস্ট পাওয়া যায়। সে নিজেকে বাংলাদেশ পুলিশের ঊর্ধ্বতন কর্মকর্তার পরিচয় দিত। সে প্রতারণা করার উদ্দেশ্যে সরকারি কর্মকর্তার ছদ্মবেশধারণ করে সরকারি কর্মকর্তা কর্তৃক ব্যবহৃত পোশাক ও প্রতীক পরার অপরাধ সংগঠনের চেষ্টা করার অপরাধ করেছেন। এ

ঘটনায় মুজিবনগর থানার এসআই উত্তম কুমার বাদী হয়ে আসামীর বিরুদ্ধে

থানায় একটি মামলা দায়ের করেন। মুজিবনগর থানার মামলা নং-১১,তারিখ-১৪/০৮/২০২৩, দণ্ডবিধি ধারা- ১৭০/১৭১/৪২০/৫১১ । তার বিরুদ্ধে পূর্বে অনলাইনজুয়ার অভিযোগে মামলা চলমান রয়েছে।

আজ সোমবার গ্রেফতারকৃত আসামীকে আদালতে প্রেরণ করা হয়েছে।

গাংনীতে হেরোইনসহ যুবক আটক

৫ গ্রাম হেরোইনসহ ইমরান (২২) নামের এক যুবককে আটক করেছে গাংনী থানা পুলিশ। আটক ইমরান গাংনী উপজেলার কাজিপুর গ্রামের আজিমুদ্দীনের ছেলে।

গাংনী থানা পুলিশের একটি টিম তার বাড়িতে অভিযান চালিয়ে হেরোইনসহ আটক করেছে।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক এই তথ্য নিশ্চিত করেছেন। তিনি জানান, গোপন তথ্যের ভিত্তিত্বে ইমরানের বাড়িতে পুলিশের একটি টিম অভিযান চালিয়ে তাকে হেরোইনসহ তাকে আটক করেন।

হেরোইন উদ্ধারের ঘটনায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা দিয়ে আটক ইমরানকে মেহেরপুর আদালতে প্রেরণ করা হয়েছে।

আলমডাঙ্গার মুন্সীগঞ্জে ট্যাপেন্টাডল ট্যাবলেট সহ যুবক

আটক

আলমডাঙ্গার মুন্সীগঞ্জে ৫০ পিস ট্যাপেন্টাডল ট্যাবলেট সহ এক মাদক ব্যবসায়ীকে আটক করেছে পুলিশ। আজ শুক্রবার সন্ধ্যায় মুন্সিগঞ্জ ফাঁড়ি পুলিশ গড়চাপড়া গ্রামে অভিযান চালিয়ে তাকে আটক করে।

আটকৃত মাদক ব্যবসায়ী হলেন- জেহালা ইউনিয়নের গড়চাপড়া গ্রামের আব্দুল মজিদের ছেলে দুদু (১৯)।

পুলিশ জানায়, উপজলার জেহালা ইউনিয়নের গড়চাপড়া গ্রামের দুদু নামের এক যুবক দীর্ঘদিন মাদকদ্রব্য ট্যাপেন্টাডল ট্যাবলেট বিক্রি করছে। এমন গোপন তথ্যের ভিত্তিতে মুন্সিগঞ্জ ফাঁড়িপুলিশের আইসি উপ-পরিদর্শক (এসআই) ইউসুফ সঙ্গীয় ফোর্স মাদকবিরোধী অভিযান পরিচালনা করেন।

এসময় মুন্সিগঞ্জ অঘোরনাথ মোড়ের ওয়াপদা নিকট থেকে গড়চাপড়া গ্রামের দুদুকে আটক করে পুলিশ। তার শরীর তল্লাশী করে ৫০ পিস ট্যাপেন্টাডল ট্যাবলেট জব্দ করে। শুক্রবার রাতেই তার বিরুদ্ধে মাদকদ্রব্য আইনে মামলা করেছে পুলিশ। আজ শনিবার সংশ্লিষ্ট মামলায় কোর্টের মাধ্যমে জেল হাজতে পাঠাবে পুলিশ।

মুজিবনগরে ২০ বোতল ফেনসিডিলসহ যুবক আটক

২০ বোতল ফেনসিডিলসহ আলামিন হোসেন ওরফে আলাম (৩৩) নামের এক মাদক ব্যবসায়ীকে আটক করেছে মুজিবনগর থানা পুলিশ। আটক আলামিন মুজিবনগর উপজেলার জয়পুর গ্রামের নুর ইসলামের ছেলে।

আজ সোমবার (২২ মে) বেলা ২ টার দিকে মুজিবনগর থানা পুলিশের একটি টিম আলামিনের বাড়িতে অভিযান চালিয়ে ২০ বোতল ফেনসিডিলসহ আটক করেন।

মুজিবনগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মেহেদী রাসেল এই তথ্য

নিশ্চিত করেছেন।

তিনি জানান, বাড়িতে ফেনসিডিল জড়ো করে বিক্রির জন্য প্রস্তুত হচ্ছে এমন সংবাদের ভিত্তিতে ওই বাড়িতে অভিযান চালানো হয়। এসময় তার বসত ঘর থেকে ২০ বোতল ফেনসিডিল উদ্ধার করা হয়।

এঘটনায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে একটি মামলা দিয়ে আটক আসামি আলামিনকে আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।